আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৪ / ১২ জুন, ২০১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**আমানতী অর্থ পরিশোধের জন্য মনোনয়ন দান প্রসঙ্গে।**

আমানতকারীর মৃত্যুর পর তাদের মনোনীত নমিনী/নমিনীগণকে আমানতী অর্থ পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে-

১। আর্থিক প্রতিষ্ঠানসমূহের কাছে রক্ষিত কোন আমানত একক ব্যক্তি বা যৌথভাবে একাধিক ব্যক্তির নামে জমা থাকলে উক্ত একক আমানতকারী বা যৌথ আমানতকারীগণের সকলের মৃত্যুর পর তাদের মনোনীত ব্যক্তি/ব্যক্তিদেরকে আমানতের টাকা প্রদান করা যাবে। তবে আমানতকারীগণ যে কোন সময় মনোনীত ব্যক্তির মনোনয়ন বাতিলপূর্বক অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনীত করতে পারবেন।

২। অনুচ্ছেদ নং-১ এর অধীনে মনোনীত কোন ব্যক্তি নাবালক থাকা অবস্থায় উক্ত একক আমানতকারীর বা যৌথ আমানতকারীগণের মৃত্যুর ক্ষেত্রে আমানতের টাকা কে গ্রহণ করবে সে সম্পর্কে উক্ত একক আমানতকারী বা যৌথ আমানতকারীগণ নির্দিষ্ট করে দিতে পারেন।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮